# মন্ত্রিপরিষদ বিভাগের ডিসেম্বর ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: ডিসেম্বর ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১১ জানুয়ারি ২০২৬

**(১) প্রশাসনিক:**

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পুরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮৪ | ১৩৩ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,১৮৫ | ৯১৩ |
| **মোট** | ২,৫১৫ | ১,৪৬৯ | ১,০৪৬ |

ক.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | ৩১ | ১৯ | ৫০ | ৩৩ | ১৩৩ |
| দুর্নীতি দমন কমিশন | - | - | ২৯৪ | ২১৫ | ২৮৮ | ১১৬ | ৯১৩ |
| মোট | - | - | ৩২৫ | ২৩৪ | ৩৩৮ | ১৪৯ | ১,০৪৬ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | নভেম্বর মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | - | ২ | - | ২ | - |
| দুর্নীতি দমন কমিশন | - | - | - | - | ৯৬ | ৯৬ | কনস্টেবল পদে ৮৭ জন এবং অফিস সহায়ক পদে ৯ জনকে নিয়োগ দেয়া হয়েছে। |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দিন)

| মন্ত্রিপরিষদ বিভাগ | মন্ত্রিপরিষদ সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | ১ | - | ফরিদপুর ফাউন্ডেশনের শিক্ষা বৃত্তি প্রদান এবং পল্লী কবি জসিম উদ্দিনের কবর কবিতার শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে ৬ ডিসেম্বর ২০২৫ তারিখে ফরিদপুর জেলা সফর করেন। |
| | সচিব, সমন্বয় ও সংস্কার | | |
| | - | - | - |
| | অতিরিক্ত সচিব | | |
| | - | - | - |
| **দুর্নীতি দমন কমিশন** | সচিব | | মন্তব্য |
| | দেশে | বিদেশে | |
| ভ্রমণ/পরিদর্শন | - | ৭ | ১৪-২০ ডিসেম্বর ২০২৫ মেয়াদে কাতার ভ্রমণ করেন। |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ২২৫ | ৩৫.৬৫ (১৫.৮৪ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৫৬৮ | ৯৩০.৭৩ (৫৯.৩৬ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ১২৪ | ১৯.১৩ (১৫.৪৩ শতাংশ) | - |
| **মোট** | ১,৯১৭ | ৯৮৫.৫১ (৫১.৪১ শতাংশ) | - |

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১৬টি | ০.৬৫ | - | - | ১৬টি | মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ২টি অডিট আপত্তি এবং বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি অডিট আপত্তিসহ সর্বমোট ১৬টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৪১টি | ২১০.০৮ | ২টি | ৩টি | ৩৮টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (ডিসেম্বর মাসের ১ তারিখে) | ডিসেম্বর মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | ডিসেম্বর মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ৩ | - | - | - | - | ৩ | - |
| দুর্নীতি দমন কমিশন | ২২ | - | - | - | - | ২২ | ৩ |
| মোট | ২৫ | - | - | - | - | ২৫ | ৩ |

(৯) মানবসম্পদ উন্নয়ন:

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

| মন্ত্রণালয়/সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | - | - |
| দুর্নীতি দমন কমিশন | ১. | মানিলন্ডারিং অনুসন্ধান ও তদন্ত সম্পর্কিত বিশেষ প্রশিক্ষণ | ২৮ ডিসেম্বর ২০২৫ -১ জানুয়ারি ২০২৬ | ২০ জন |
| | ২. | নবনিয়োগপ্রাপ্ত কনস্টেবল ও অফিস সহায়কদের ওরিয়েন্টেশন কোর্স | ২-৪ ডিসেম্বর ও ২২-২৪ ডিসেম্বর ২০২৫ | ৯৬ জন |
| | ৩. | দাপ্তরিক শৃঙ্খলা ও শিষ্টাচার বিষয়ক প্রশিক্ষণ | ২২-২৪ ডিসেম্বর ও ২৯-৩১ ডিসেম্বর ২০২৫ | ৪০ জন |
| | ৪. | অপরাধলব্ধ সম্পদ ব্যবস্থাপনা বিষয়ে গাইডলাইন প্রস্তুত সংক্রান্ত কর্মশালা | ২৪ ডিসেম্বর ২০২৫ | ২২ জন |

ক.১ সরকারি কর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘণ্টাব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ২০২৫-২৬ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত নবম ও তদূর্ধ্ব কর্মকর্তাগণের অভ্যন্তরীণ প্রশিক্ষণ চলমান রয়েছে। এ বিভাগের ১০-২০ গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।

ক.২ প্রতিবেদনাধীন মাসে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণকারী আমন্ত্রিত অতিথি বক্তা/প্রশিক্ষক:

| ক্রম | অতিথি বক্তা/ প্রশিক্ষক | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণে অংশগ্রহণকারী | তারিখ |
|---|---|---|---|---|
| | - | - | - | - |

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | 6th Sustainable Development and Project Management (SDPM) শীর্ষক প্রশিক্ষণ | ১৪ অক্টোবর-১ ডিসেম্বর ২০২৫ | জাতীয় উন্নয়ন প্রশাসন একাডেমি | ১ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | Leadership and Strategic Planning শীর্ষক প্রশিক্ষণ | ৭-১১ ডিসেম্বর ২০২৫ | এনএপিডি | ২ জন |
| | ২. | Geo Location System-শীর্ষক প্রশিক্ষণ | ৭-৮ ডিসেম্বর ২০২৫ | ন্যাশনাল টেলিকমিউনিকেশন মনিটরিং সেন্টার | ২ জন |
| | ৩. | ভূমি ব্যবস্থাপনার অত্যাবশ্যকীয় নিয়মাবলি শীর্ষক প্রশিক্ষণ | ৭-১১ ডিসেম্বর ২০২৫ | বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট | ৪ জন |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না; না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই**

**(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:**

**ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা:** নেই

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক পাঁচটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির পাঁচটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির তিনটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির একটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুই সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ৩৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে ৬টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ২৯টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতিবেদনাধীন মাসে ৮টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৬৯টি প্রস্তাব গৃহীত হয়েছে এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৬টি প্রস্তাব গৃহীত হয়েছে। প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ২৪টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৪) ৪ ডিসেম্বর ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে প্রাক-নিকার সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(৫) শহিদ শরিফ ওসমান হাদির মৃত্যুতে ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখে রাষ্ট্রীয়ভাবে শোক পালন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৬) সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে রাষ্ট্রীয়ভাবে শোক পালন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৭) অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, উপদেষ্টা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এবং জনাব মোঃ মাহফুজ আলম, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে পদত্যাগ করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৮) অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক Rules of Business, 1996-এর Rule 3(iv)-এ প্রদত্ত ক্ষমতাবলে উপদেষ্টাগণের মধ্যে তাঁদের বর্তমান দায়িত্বের অতিরিক্ত হিসেবে দায়িত্ব বণ্টন সংক্রান্ত প্রজ্ঞাপন ১১ ডিসেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৯) অন্তর্বর্তীকালীন সরকারের উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এবং জনাব মোঃ মাহফুজ আলমকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন এবং তাঁদের সর্বাঙ্গীন কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে উপদেষ্টা পরিষদের ১১ ডিসেম্বর ২০২৫ তারিখের বৈঠকে ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়। গৃহীত ধন্যবাদ প্রস্তাব ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১০) অন্তর্বর্তীকালীন সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী পদমর্যাদায় নির্বাহী ক্ষমতা অনুশীলনের দায়িত্বপ্রাপ্ত বিশেষ সহকারী জনাব খোদা বকশ চৌধুরীর ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে পদত্যাগ করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১১) অন্তর্বর্তীকালীন সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী পদমর্যাদায় নির্বাহী ক্ষমতা অনুশীলনের দায়িত্বপ্রাপ্ত বিশেষ সহকারী অধ্যাপক ডা. মোঃ সায়েদুর রহমান ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে পদত্যাগ করেন। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১২) বাংলাদেশের গণতান্ত্রিক রাজনীতির শীর্ষ নেত্রী, সাবেক প্রধানমন্ত্রী ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে উপদেষ্টা পরিষদের ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়। গৃহীত শোকপ্রস্তাব ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখের ৩১৪ নম্বর প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(১৩) ডিসেম্বর ২০২৫ মাসে বিডিআর বিদ্রোহের নামে সংঘটিত হত্যাযজ্ঞের বিষয়ে গঠিত জাতীয় স্বাধীন তদন্ত কমিশনের সদস্য জনাব মোঃ শরীফুল ইসলাম-এর পদবি পরিবর্তন ও উক্ত তদন্ত কমিশনের মেয়াদ ৭ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি এবং গণঅধিকার পরিষদের সভাপতি এবং ডাকসু (DUCSU)-র সাবেক ভিপি জনাব নুরুল হক নুর-এর উপর হামলা ও গুরুতর আঘাতের ঘটনা তদন্তের জন্য গঠিত তদন্ত কমিশনের মেয়াদ ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

(১৪) ডিসেম্বর ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ১২টি, সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ১১টিসহ মোট ২৩টি অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৫) ডিসেম্বর ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ৪৬টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ৪০টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি এবং ৬টি অভিযোগ তদন্তক্রমে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে।

(১৬) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত নভেম্বর দ্বিতীয় ও ডিসেম্বর প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৭) মৎস্য সম্পদ ধ্বংসকারী সকল প্রকার অবৈধ জাল নির্মূল সংক্রান্ত বিশেষ কম্বিং অপারেশন ২০২৬ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৮) সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫'-এর লিখিত পরীক্ষা সুষ্ঠুভাবে গ্রহণ এবং পরীক্ষা সংক্রান্ত সার্বিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে ভিডিও কনফারেন্স সিস্টেমে মাননীয় প্রধান উপদেষ্টার সঙ্গে কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।

(২০) ডিসেম্বর ২০২৫ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ১৯টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে। প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(২১) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত নভেম্বর ২০২৫ মাসের প্রতিবেদনের সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে।

(২২) ২২ ডিসেম্বর ২০২৫ তারিখে গণভোট ও ত্রয়োদশ জাতীয় নির্বাচনের প্রচার ও ভোটারদের উদ্বুদ্ধকরণ বিষয়ে অনলাইন সভা আয়োজন করা হয়েছে।

(২৩) বিভিন্ন আইনে বিসিএস (প্রশাসন) ক্যাডারভুক্ত ৫১ জন কর্মকর্তার অনুকূলে মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৫ ধারা অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা অর্পণের সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

(২৪) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২, সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধি মালা, ২০২৫ এবং মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর তফসিলভুক্ত নির্বাচন সংক্রান্ত আইনের বিষয়ে ৬৪ জেলার মোট ১,০৪১ জন বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং নির্বাচনী আচরণবিধি প্রতিপালনে দায়িত্বপ্রাপ্ত বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের জন্য প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়েছে।

(২৫) আইন-শৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির ১৮তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা প্রেরণের লক্ষ্যে সকল কমিশনার ও জেলা প্রশাসককে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৬) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষার জন্য গঠিত আন্তঃমন্ত্রণালয় কমিটির ৮টি সভা অনুষ্ঠিত হয়েছে এবং ৯টি অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(২৭) ২ ডিসেম্বর ২০২৫ তারিখে বালুমহাল নিয়ে আন্ত:জেলা বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়েছে।

(২৮) Grievance Redress System (GRS)-এর মাধ্যমে ১ জানুয়ারি ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত মোট দাখিলকৃত অভিযোগের সংখ্যা ৩৮,০৫৩টি এবং অভিযোগ নিষ্পত্তি হয়েছে ২৪,৯১৭টি, অভিযোগ নিষ্পত্তির হার ৬৫.৪৮ শতাংশ।

(২৯) প্রতিবেদনাধীন মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাগণের অংশগ্রহণে 'জেলা পর্যায়ে শিশুকেন্দ্রিক সামাজিক নিরাপত্তা' সংক্রান্ত কর্মশালা ফরিদপুর এবং সাতক্ষীরা জেলায় আয়োজন করা হয়েছে।

(৩০) ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে ইউরোপীয় ইউনিয়নের 'Support to National Social Security Reforms in Bangladesh' শীর্ষক বাজেট সহায়তা কার্যক্রমের Programme Implementation Committee'র সভা আয়োজন করা হয়েছে।

(৩১) ২১ ডিসেম্বর ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) পর্যালোচনা সভা আয়োজন করা হয়েছে।

**গ. আগামী (জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৬) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি, প্রাক নিকার সচিব কমিটি, আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি এবং মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনার জন্য ১৬টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা আয়োজন।

(৪) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৮তম সভা আয়োজন।

১১.১.২০২৬

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব